সমকাল

তারিখ 24 MAY 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৪

# লাঞ্ছিত শিক্ষকের পাশে স্বাস্থ্যমন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষক লাঞ্ছনার ঘটনায় সমালোচিত নারায়ণগঞ্জের সাংসদ সেলিম ওসমান নৈতিকভাবে পরাজিত হয়েছেন বলে মন্তব্য করেছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তাকে প্রতিবাদের ভাষা বোঝারও পরামর্শ দিয়েছেন তিনি। গত রোববার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন লাঞ্ছিত শিক্ষক শ্যামল কান্তি ভক্তের চিকিৎসার খোঁজ নিতে গিয়ে সাংবাদিকদের কাছে এসব কথা বলেন মন্ত্রী।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষকদের প্রতি সর্বদা শ্রদ্ধাশীল। শিক্ষকদের যে কোনো বিষয়ে তিনি সর্বোচ্চ গুরুত্ব দেন। সেখানে একজন সাংসদ শিক্ষকের সঙ্গে যে ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৩

## লাঞ্ছিত শিক্ষকের

[১৯ পৃষ্ঠার পর]

আচরণ করেছেন, তা ক্ষমার অযোগ্য। গর্হিত ও নিন্দনীয় এ কর্মের মাধ্যমে তিনি সব সাংসদকে অপমান করেছেন। এজন্য তার ক্ষমা চাওয়া উচিত। মন্ত্রী বলেন, ওই ঘটনায় যে ধরনের প্রতিবাদ হয়েছে, সাংসদের সে ভাষা বোঝা উচিত। আমি মনে করি, শিক্ষক লাঞ্ছনাকারী ওই সাংসদ নৈতিকভাবে পরাজিত হয়েছেন। সামান্যতম লজ্জা থাকলে আগামী সংসদ অধিবেশনে তিনি যোগ দেবেন না। জাতীয় পার্টিকে দলীয় ওই সাংসদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ারও আহ্বান জানান মন্ত্রী।

চিকিৎসাধীন শিক্ষককে হত্যার হুমকি দেওয়া হচ্ছে জানালে মোহাম্মদ নাসিম বলেন, তার নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। শ্যামল কান্তি শারীরিকভাবে সুস্থ আছেন জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, শিক্ষক মানসিকভাবে ভেঙে পড়েছেন। তিনি যতদিন চাইবেন, সরকারি খরচে চিকিৎসা নিতে পারবেন। স্বাস্থ্যমন্ত্রীকে কাছে পেয়ে আবেগাপ্লুত শ্যামল কান্তি বলেন, তিনি দৈহিকভাবে বেঁচে থাকলেও মানসিকভাবে মৃত্যুবরণ করেছেন। এখন জীবননাশের হুমকিও পাচ্ছেন। মোহাম্মদ নাসিম তাকে সান্ত্বনা দেন এবং সরকার পাশে আছে বলেও আশ্বাস দেন। এদিকে গতকাল সোমবার অসুস্থ সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরীকে দেখতে তার বাসায় যান স্বাস্থ্যমন্ত্রী।